দৈনিক ইত্তেফাক

তারিখ ১০.৯.৯১

পৃষ্ঠা ২ কলাম ৪

35

# ঢাকা বোর্ড এসএসসি'র ফল প্রকাশে বিলম্ব

( ইত্তেফাক রিপোর্ট )

অবৈধ উপায়ে ফলাফল ফাঁস করিয়া দেওয়া, খাতা উধাওসহ বিভিন্ন অভিযোগ উত্থাপিত হও-

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ঢাকা বোর্ড এসএসসি

(১ম পৃঃ পর)

য়ায় ঢাকা বোর্ডের এস, এস, সি পরীক্ষার ফলাফল প্রকাশের ক্ষেত্রে জটিলতা দেখা দিয়াছে। ১১ হইতে ১৬ই সেপ্টেম্বরের মধ্যে ফলাফল প্রকাশের প্রস্তুতি শুরু হইয়াছিল। মাঝপথে একশ্রেণীর অসাধু কর্মচারীর সহায়তায় পরীক্ষার ফলাফল ফাঁস হইতে শুরু করায় বিভ্রান্তি দেখা দেয়। এমতবস্থায় ১৬ই সেপ্টেম্বরের মধ্যে ফলাফল প্রকাশের সম্ভাবনা নাই। গত রাত্রে বোর্ডের একজন কর্মকর্তা জানান, সুনির্দিষ্ট তথ্য ছাড়াই নানান কথা ছড়ানো হইতেছে। টাকার বিনিময়ে ফলাফল ফাঁস করিয়া দেওয়া এবং দশ হাজার খাতার কভার উধাও সংক্রান্ত অভিযোগ ভিত্তিহীন। উপনির্বাচনের কারণে ফলাফল প্রকাশে বিলম্ব ঘটিতেছে। আশা করা যায় চলতি মাসের তৃতীয় সপ্তাহে ফলাফল প্রকাশ করা সম্ভব হইবে।